ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫১৭

আগরতলা, ৩ মে, ২০২৫

**পিএম কিষাণ উর্জা সুরক্ষা ইভাম উত্থান মহা অভিযান**

**পশ্চিম জেলায় গত অর্থবছরে ৪২৯টি নলকূপ সোলার পাম্প প্ল্যান্ট বসানো হয়েছে**

ত্রিপুরা রিন্যুয়েল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সি (ট্রেডা) পিএম কিষাণ উর্জা সুরক্ষা ইভাম উত্থান মহা অভিযানে (পি এম কুসুম-বি) পশ্চিম জেলায় ২০২৪-২৫ অর্থবছরে ৫৩৯টি গভীর নলকূপে সোলার পাম্প প্ল্যান্ট বসানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল। ইতিমধ্যেই জেলার বিভিন্ন ব্লকে ৪২৯টি নলকুপ সোলার পাম্প প্ল্যান্ট বসানো হয়েছে। এরমধ্যে মোহনপুর ব্লকে ৫৩টি, বামুটিয়া ব্লকে ৬৪টি, মান্দাই ব্লকে ৬৪টি, লেফুঙ্গা ব্লকে ৪৪টি, হেজামারা ব্লকে ২৯টি, বেলবাড়ি ব্লকে ৪৪টি, ডুকলি ব্লকে ১০৮টি, জিরানীয়া ব্লকে ১৮টি এবং পুরাতন আগরতলা ব্লকে ৫টি সোলার পাম্প প্ল্যান্ট বসানো হয়েছে। বাকি  ১১০টি নলকূপ সোলার পাম্প প্ল্যান্ট বসানোর কাজ চলছে। ট্রেডার প্রোজেক্ট অফিসার এ সংবাদ জানিয়েছেন।

*****